

সম্পাদকীয়:

বাংলাদেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের প্রায় সাড়ে চারমাস হতে চললো। প্রথমে শুধুমাত্র আইডিসিআর-এর পরীক্ষা কেন্দ্রে করোনা পরীক্ষা হলেও বর্তমানে সরকারি-বেসরকারি মিলিয়ে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা প্রায় ৮০টি। পরীক্ষা কেন্দ্রের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে করোনা পরীক্ষার সংখ্যা বৃদ্ধি পাওয়ার বিষয়টি যৌক্তিক হলেও, তা দিন দিন হ্রাস পাচ্ছে। ধারণা করা হচ্ছে স্বাস্থ্য বিভাগের কম আগ্রহ, পরীক্ষা ফি নির্ধারণ ও নানা কেলেঙ্কারির কারণে পরীক্ষার প্রতি মানুষের আস্থা কমে যাওয়া ইত্যাদি কারণে পরীক্ষা কমে গিয়েছে। তবে পূর্বের তুলনায় পরীক্ষা কম হওয়ার কারণে সংখ্যাগত দিক থেকে প্রতিদিনের সংক্রমণ কিছুটা কম মনে হলেও, শতকরা হারে তা পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে। মৃত্যুর সংখ্যাও পূর্বের তুলনায় বৃদ্ধি পাচ্ছে। ক্রমেই সংক্রমণ ও মৃত্যু ঝুঁকি উর্ধ্বগামী হলেও, মানুষের মধ্যে করোনাভীতি যেন নিম্নগামী। প্রথম প্রথম বাড়ি থেকে কম বের হওয়া, মাস্ক ব্যবহার করা, শারীরিক দূরত্ব রক্ষা করার প্রবণতা কিছুটা পরিলক্ষিত হলেও, এখন সবকিছুতেই যেন বাঁধ ভেঙে গিয়েছে। শহর-গ্রাম সর্বত্রই স্বাস্থ্যবিধি মেনে না চলার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। ফলে প্রথমদিকে সুজন-এর নেতা-কর্মীরা সারাদেশে যেসকল কার্যক্রম শুরু করেছিলেন, যেমন- জনসচেতনতা বৃদ্ধি; মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান বিতরণ ইত্যাদিতে ফিরে যেতে হচ্ছে। পাশাপাশি সোচ্চার হতে হচ্ছে ন্যায্য অধিকার প্রাপ্তির দাবিতে। একইসাথে চলমান রাখতে হচ্ছে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর প্রচেষ্টাও। আর এসকল কথা নিয়েই প্রকাশিত হচ্ছে সুজন ই-সংবাদ।

রাজশাহী সদর হাসপাতালকে পূর্ণাঙ্গ হাসপাতালে রূপান্তর এবং স্বাস্থ্য সুরক্ষায় রাজশাহী সিটি কর্পোরেশন আইন বাস্তবায়নের দাবিতে মানববন্ধন



সুজন-রাজশাহী জেলা ও মহানগর কমিটির উদ্যোগে গত ২০ জুলাই ২০২০ তারিখে রাজশাহী শহরের আলুপাড়া মোড়, গ্রামীণ ফোন সেন্টারের সামনে রাজশাহী সদর হাসপাতালকে পূর্ণাঙ্গ হাসপাতালে রূপান্তর এবং স্বাস্থ্য সুরক্ষায় রাজশাহী সিটি কর্পোরেশন আইন বাস্তবায়নের দাবিতে এক মানববন্ধনের আয়োজন করা হয়।

সুজন-রাজশাহী জেলা কমিটির সভাপতি জনাব সফিউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত মানববন্ধনে বক্তব্য রাখেন সংগঠনের রাজশাহী মহানগর কমিটির সহ-সভাপতি মোঃ মিজানুর রহমান, রাজশাহী জেলা কমিটির সাধারণ সম্পাদক মোঃ মাসদুল আলম মাসুদ, সহ-সাধারণ সম্পাদক ডঃ কামরুজ্জামান; মহানগর কমিটির সহ-সাধারণ সম্পাদক মহেশ চন্দ্র সরকার ও অজয় পাল। মানববন্ধনে সুজন-এর জেলা ও মহানগর নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

সুজন নেতৃবৃন্দ তাদের বক্তব্যে দীর্ঘদিন যাবত বন্ধ থাকা সদর হাসপাতালের স্বাস্থ্যসেবা কার্যক্রম পুনরায় চালু করা এবং বর্তমানে প্রচলিত রাজশাহী সিটি কর্পোরেশন আইন ১৯৮৭-এর ৮০-৮৪ ধারা বাস্তবায়ন করে নাগরিকের জীবন রক্ষার আহ্বান জানান। মানববন্ধন চলাকালে নগরবাসীর মধ্যে "নাগরিক স্বাস্থ্য সুরক্ষায় সিটি কর্পোরেশন আইনের বাস্তব প্রয়োগ চাই" শিরোনামে একটি লিফলেট বিতরণ করা হয়। লিফলেটে উল্লেখ করা হয়:

- সিটি কর্পোরেশন বিধি বা প্রবিধান অনুযায়ী নগরীতে সংক্রামক ব্যাধি প্রতিরোধ ও নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করা এবং সংক্রামক ব্যাধিতে আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য হাসপাতাল প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ করা।
- স্বাস্থ্যকেন্দ্র, মাতৃসদন, পরিবার পরিকল্পনা, উন্নয়ন এবং মহিলা, শিশু ও বালক বালিকাদের জন্য কল্যাণকেন্দ্র প্রতিষ্ঠা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা।
- সিটি কর্পোরেশন কর্তৃক স্বাস্থ্যশিক্ষাসহ জনস্বাস্থ্যের উন্নতি বিধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- সিটি কর্পোরেশন নগরবাসীর চিকিৎসা সুবিধার জন্য প্রয়োজনীয় সংখ্যক হাসপাতাল ও ডিসপেনসারী প্রতিষ্ঠা, রক্ষণাবেক্ষণ করা এবং বিধি দ্বারা নির্ধারিত পরিমাণ ও মানের ঔষধপত্র, যন্ত্রপাতি, সরঞ্জাম, আসবাবপত্রের ব্যবস্থা করা।

- চিকিৎসা সহায়তার জন্য সিটি কর্পোরেশনে প্রয়োজনীয় সংখ্যক প্রাথমিক চিকিৎসাকেন্দ্র স্থাপন ও পরিচালনা করা।
- ভ্রাম্যমান চিকিৎসা সাহায্য ইউনিট স্থাপন ও পরিচালনা করা; চিকিৎসা সাহায্য প্রদানকল্পে সমিতি গঠনে উৎসাহ দান করা; চিকিৎসা বিদ্যার উন্নয়ন সাধন; চিকিৎসা সাহায্যের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অর্থ প্রদান করা; স্কুলের ছাত্রছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা করা।

চাঁদপুরে সুজন-এর উদ্যোগে করোনা সুরক্ষা সামগ্রী বিতরণ



সুজন-চাঁদপুর জেলা কমিটি রিক্রাচালক, অটোরিক্সা চালক, যাত্রী ও পথচারীদের মাঝে করোনা সুরক্ষা সামগ্রী বিতরণ করেছে। গত ১৬ জুলাই ২০২০, বৃহস্পতিবার, চাঁদপুর শহরের বাসস্ট্যান্ড এলাকায় বিতরণকৃত এই সুরক্ষাসামগ্রীর মধ্যে ছিল মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান। মোট ৫০০ জনের মধ্যে এগুলো বিতরণ করা হয়।

এ সব সুরক্ষা সামগ্রী বিতরণকালে উপস্থিত ছিলেন সুজন-চাঁদপুর জেলা কমিটির সভাপতি জনাব গোলাম কিবরিয়া জীবন, সাধারণ সম্পাদক জনাব রহিম বাদশা, সহ-সাধারণ সম্পাদক জনাব আল-ইমরান শোভন, চাঁদপুর প্রেসক্লাবের যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব আবদুল আউয়াল রুবেল, চাঁদপুর ফটো জার্নালিস্ট এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব তালহা জুবায়ের, সুজন-জেলা কমিটির সদস্য জনাব আবদুস সালাম আজাদ জুয়েল, কোষাধ্যক্ষ অ্যাডভোকেট আল-আমিন হোসেন উজ্জ্বল, দপ্তর সম্পাদক মোঃ জাহিদুল হক মিলন, স্বপ্নতরু সামাজিক সংগঠনের সাবেক সভাপতি শরীফুল ইসলাম প্রমুখ।

মুন্সীগঞ্জে রিক্রাচালকদের মাঝে চাল বিতরণ

সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির সভাপতি ডাঃ জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট জানে আলম খ্রিস্টের উদ্যোগে রিক্রাচালকদের মাঝে চাল বিতরণ করা হয়েছে। গত ১৫ জুলাই ২০২০, বুধবার, মুন্সীগঞ্জ জেলা সদরে ১০ জন অসহায় রিক্রাচালককে এই চাল প্রদান করা হয়। এই কাজে সহযোগিতা করেন সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির সহ-সভাপতি অ্যাডভোকেট দেলোয়ার হোসেন শাহজাহান, সহ-সাধারণ সম্পাদক জনাব আনোয়ার হোসেন সেলিম, প্রচার সম্পাদক অ্যাডভোকেট আরফান সরকার খোকন এবং সদস্য অ্যাডভোকেট আবু হানিফ হির।

